He also visited the temple of Goddess Kali at Kalighat in Calcutta. On seeing many mendicants and saints on the bank of the Ganges he desired to give them cloth, water pans and beads. On learning his desire Thakur advised him to give all things to his young disciples, each of whom was equal to thousand of holy men. Accordingly Gopal welcomed the young disciples and distributed all those things among them. 78 to 84

বঙ্গানুবাদ :—

কলিকাতায় কালীঘাটে কালী দর্শন করিয়া ভাগীরথী তীরে সাধু সন্ন্যাসী ও ভিক্ষুকগণ দিন কয়েক অবস্থান করিয়া পুনরায় নিজ নিজ আশ্রমে গমন করেন। প্রভুর বিশিষ্ট সেবক আমাদের গোপাল দাদা গঙ্গাতীরে সেই সকল সাধু সন্ন্যাসী দেখিয়া তাঁহাদিগকে গৈরিক বস্ত্র,

রুদ্রাক্ষের মালা ও কমণ্ডলু দিবার জন্য ঠাকুরকে জিজ্ঞাসা করিলে বলিয়াছিলেন। আমার পরম সাধক যুবক সন্তানগণ আছেন। ইহাদের প্রত্যেকটি যুবক সহস্র সন্ন্যাসী সদৃশ। এ বিষয়ে সন্দেহ নাই। অতএব তুমি ঐসকল দ্রব্য দিয়া উহাদিগকে সম্মান করিলে তুমি নিশ্চয় সিদ্ধিলাভ করিবে ইহা ধ্রুব সত্য। ৭৮-৮২

ঠাকুরের কথা শুনিয়া গোপালদাদা যত্নপূর্ব্বক যুবক ভক্তসকলকে অহ্বান পূর্ব্বক সাদরে ত্যাগ ও পবিত্রতার চিহ্নস্বরূপ সেইসকল গৈরিক বস্ত্রাদি ঠাকুরের হস্তে সংশোধিত ভস্মলিপ্ত যুবক সন্ন্যাসীদিগকে দান করিয়া গোপালদাদা কৃতার্থ হইয়াছিলেন। ৮৩।৮৪

ঠাকুর গোপালের কার্য্য দেখিয়া অতিশয় আনন্দিত হইয়াছিলেন। ৮৫

ते सन्न्यासितमाः सर्व्वे द्रव्यैस्तैः परितोषिताः ।
दृष्ट्वा गोपालं ह्यत्यन्तं सुदमाप स ठाकुरः ॥ ৮৫
किन्त्वहङ्कार निधनं सुदुष्करं मतं मम ।
श्रीठाकुरो विचिन्त्यैवं चिकीर्षंश्च मान वर्जितान् ॥ ৮৬
भिक्षाटने प्रेरितवान् निर्लिप्तठाकुरो महान् ।
सन्न्यासि वेशमाश्रित्य यदा सर्व्वे बहिर्गताः ॥ ৮৭
सद्वंशजाः सुशिक्षिताः सन्ताननिचयाः प्रभोः ।
प्राप्तुकामा भगवन्तं सेवा वैराग्यमाश्रिताः ॥ ৮৮
विश्वस्य जननी साक्षादन्नपूर्णेव सारदा ।
दृष्ट्वा पादनतान् पुत्रानाशीर्व्वादं स्वरूपकं ॥ ৮৯
अन्नमर्पयच्च तेभ्योऽदाम्माता किञ्चिन्महेश्वरी ।
भिक्षुकानां न मर्य्यादा नास्ति मानापमानकौ ॥ ৯০

कटूक्तिः सादरोक्तिर्वा जनानां समता गता।
दीनहीननिभा यान्ति भिक्षुकास्ते गृहे गृहे॥ ৯১
तथा ते ताड़िताः कुत्र कुत्रचासन् प्रपूजिताः।
भिक्षालब्धान्धसा मातान्नं सम्पाद्य यत्नतः॥ ৯২

Thakur became much pleased to see that Gopal had done as he was asked to do. With a view to curbing the egoism of his disciples. Thakur sent them out to beg alms from door to door, in the guise of ascetics. At first they approached Sarada Devi with their heads bent down to her feet. Sarada blessed them with alms. Beggars have no dignity, prestige or respect. They move from door to door with all humility. They receive harsh words and kind greetings with equanimity. Sometimes they are driven out and sometimes cordially welcomed. They thus collected some rice and gave it to Sarada Devi who cooked it carefully. 85 to 92

বঙ্গানুবাদ :—

সুশিক্ষিত সদ্বংশজাত ধনীর সন্তান যুবক ভক্তবৃন্দসকলের সেবা ও দৃঢ়তর বৈরাগ্য দর্শনে ঠাকুর এইরূপ ভাবিয়াছিলেন উপস্থিত ইহাদের অভিমানশূন্য প্রয়োজনে ভিক্ষার জন্য বলিয়াছিলেন। ঠাকুরের কথা শুনিয়া ভক্তবর্গ সন্ন্যাসীর বেশ ধারণপূর্বক বহির্গত হইবার সময়

জগজ্জননী অন্নপূর্ণা সদৃশী বিশ্বেশ্বরী মাতা সারদাদেবী পাদনত গর্ভজাত পুত্রতুল্য সন্তানগণকে আশীর্বাদ স্বরূপ কিঞ্চিৎ তণ্ডুল ও ২৷১টি পয়সা তাঁহাদের ভিক্ষার ঝুলি মধ্যে দিয়াছিলেন। ভিক্ষুকদিগের মান অপমান ও মর্য্যাদা কিছুই নাই। লোকসকলের কটু কথা বা সাদর সম্ভাষণ সমান দীন হীন ভিক্ষুকসকল প্রতিগৃহেই যাইয়া থাকেন। কোথাওবা তাড়িত হয়েন কোথাওবা পূজিত হয়েন। এইরূপ ভাবে ভিক্ষালব্ধ তণ্ডুল দ্বারা মাতা সারদা শ্রদ্ধা সহকারে অন্ন প্রস্তুত করিয়া। ৮৬ ৯২

ঠাকুরায় দদৌ দেবী স্বেষ্টদেবায় ভক্তিতঃ।
সানন্দং ঠাকুরোঽস্যস্য গৃহীত্বা ভাগমগ্রিমং ॥ ৫৩
তদন্ন সম্বর্দ্ধনার্থং ধৃতবান্ মস্তকে প্রভুঃ।
লীলেয়ং শ্রীভগবতঃ সন্তানানর্থ মোচনা ॥ ৫৪

ইতি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিতে শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে পারমহংস্যাং সংহিতায়াং শ্রেষ্ঠভক্ত শ্রীসুরেন্দ্রস্য দুর্গাপূজা তথা ঠাকুরস্য কালীপূজায়াং কালীরূপ ধারণং নরেন্দ্রস্য সন্ন্যাস ধর্ম্ম গ্রহণং তথান্য-ভক্তানামপি মানাপমান দূরীকরণরূপোঽন্ত্যলীলায়াঃ সপ্তমোঽধ্যায়ঃ ॥
৭ ॥

Sarada Devi offered it to Thakur who gladly accepted it and held it on his head. Thus Thakur got his disciples rid of spiritual evils.
93 to 94

Here ends the seventh chapter of Antyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Shri Ramendra Sunder Bhaktitirtha. অঃ ৭ম.

অন্ত্যলীলায়াং ৭ম অঃ

বঙ্গানুবাদ :—

ভক্তিপূর্বক নিজ ইষ্ট দেবতা ঠাকুরকে অর্পণ করিয়াছিলেন। ঠাকুরও সেই অন্নের অগ্রভাগ আনন্দের সহিত গ্রহণ করিয়া জগতের অন্নবৃদ্ধির জন্য মস্তকে ধারণ করিলেন এবং সন্তানগণের কামনাশূন্য জন্যই এই লীলা করিয়াছিলেন। ৯৩।৯৪

শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত রামকৃষ্ণভগবতে অন্ত্যলীলার সপ্তম অধ্যায়ে সেবক সুরেন্দ্রনাথের দুর্গাপূজা ঠাকুরের কালী পূজায় কালী মূর্ত্তি ধারণ নরেন্দ্রাদি ভক্তবৃন্দের সন্ন্যাস গ্রহণ এবং অন্যান্য ভক্তগণের অভিমান দূরীকরণ বলা হইল। অঃ ৭ অঃ ॥

অন্ত্যলীলায়াং ৮ম অঃ

অস্মাকং ক্ষুদ্রবুদ্ধীনাং চিত্তাকর্ষণ হেতবে।
বালবদাচার যুতঃ স্বয়ং সর্ব্বেশ্বরোমহান্ ॥ ১
নস্যাভাসং দদৌ দেবঃ কদাচান কদাচন।
প্রভাতে বা দিনান্তে বা ভোজনে শয়নেঽপি বা ॥ ২
ভগচ্চরণং কুর্য্যাদিত্যুক্তং ঠাকুরেণ হি।
তচ্চ গিরীশচন্দ্রেণ স্বভাবদোষতো যদি ॥ ৩
নাহং স্মর্ত্তুং সমর্থঃস্যা মত হৃদবশাত্মলঙ্ঘনে।
অপরাধী ভবিষ্যামি ন সম্ভবেদিদং ময়ি ॥ ৪
এবমস্য গিরীশস্য প্রভুঃ সরলয়া গিরা।
মৌনস্তং সমুবাচৈবং যদি স্মর্ত্তুং ন শক্যতে ॥ ৫
তর্হি প্রতিনিধিত্বেন বরয় মাং হি সাম্প্রতং।
মত্যহং ত্বত্ স্বরূপোঽহং ভূত্বা স্মরামিহ্যৈষ্য ॥ ৬
এবমুক্তং ভগবতি গিরীশেনানুমোদিতং।
তস্য যৎ করণীয়ন্তৎ সর্বমস্মৈ সমর্পিতং ॥ ৭

अन्त्यलीलायां ५म अः

For spiritual amelioration Thakur would sometimes advise to remember God at sun-rise and sun-set and also at the time of taking meals and going to bed. At this Girish chandra said, "It is not possible for me to abide by this instruction as I am sure to be guilty of violating your instruction due to my bad habits." Thakur became much pleased with such straightforward confession and said, "Well if you cannot do it, I may be authorised to do it for you." Girish chandra agreed and made over all the charges of memorable things to Thakur.

1 to 7

বঙ্গানুবাদ :—

অতি অল্পবুদ্ধি আমাদের মনের আকর্ষণ জন্য বালক স্বভাব স্বয়ং ঠাকুর সর্বজ্ঞ হইলেও মনের শুদ্ধির জন্য কিছু কিছু আভাস কখন কখন আমাদের মঙ্গল কামনা করিয়া বলিতেন। সকালে বা সন্ধ্যায় ভোজনে বা শয়নে ভগবানের স্মরণ করা একান্ত কর্তব্য। ঠাকুর এই কথা বলিলে ভক্ত গিরিশ এইরূপ বলিয়াছিলেন। স্বভাবের দোষে যদি আপনার কথা স্মরণ করিতে না পারি তবে আপনার বাক্যলঙ্ঘনে নিশ্চয় অপরাধী হইব। অতএব প্রতিদিন স্মরণ করা আমার পক্ষে সম্ভব হয় না। ১।২।৩৪

তবে সম্প্রতি আমাকে প্রতিনিধি দাও। আমি তোমার হইয়া প্রত্যহ স্মরণ করিব। ঠাকুর এইরূপ বলিলে গিরীশ বলিয়াছিলেন তাহাই হউক। নিজের স্মরণীয় যা কিছু ঠাকুরকে গিরীশ দিয়াছিলেন। ৫।৬।৭।

কিন্তু কিঞ্চিদ্বিচিন্ত্যৈব গিরীশ স্তৎপরক্ষণে।
উবাচ ঠাকুরং তেন যদ্যধঃপতনং মম ॥ ৮
ভবেত্তর্হি তদাকস্যস্মরণং যামি তদ্বদ।
তং তদা ঠাকুরঃ প্রাহ স্মিতহাস্য পুরঃসরং ॥ ৯
বিষহীনস্য সর্পস্য দংশনে ন বিষক্রিয়া।
ভবেদতোনরঃ কোঽপি মৃত্যুং নাপ্নোতি নিশ্চিতং ॥ ১০
কিন্তু মহা বিষধরো যদি জন্তুং প্রদংশতি।
তৎক্ষণাত্তস্য মৃত্যুঃস্যাদত্যুগ্র বিষপ্রভাবিতঃ ॥ ১১
ইত্থং মৎ কৃপয়া পুত্র তব বৈষয়িকী ক্রিয়াঃ।
সর্ব্বাঃ প্রশম মায়ান্তিত্বম্মনোময়ি মজ্জতি ॥ ১২
এবং কিয়দ্দিনে যাতে শ্রীগিরীশোঽব্রবীদ্বচঃ।
যাতনে হ্যক্ প্রতিনিধৌ প্রাগহং নাববুদ্ধবান্ ॥ ১৩
অধুনাহং প্রপশ্যামি সর্ব্বকার্য্যানুশীলনে।
মদর্থং ঠাকুরো নিত্যং ক্লিশ্যত্যাময়বান্ যথা ॥ ১৪

After a little deliberation Grish chandra said, "In case my spiritual degradation take place, whom shall I remember ?" Thakur replied, "The biting of a poisonous snake can. only cause death. Just remember me and I.

अस्माल्लीलायां मम स्वः

shall rid you, of all your impious habits." After some days Girish chandra said to Thakur, "I could not guess before that to discharge duties through a representative would pain me so much. I now see that you are suffering like a sick man for my sake in everything you do."
8 to 14

বঙ্গানুবাদ :—

কিন্তু গিরীশ কিছুক্ষণ চিন্তা করিয়াই পরক্ষণে বলিয়াছিলেন যদি আমার অধঃপতন হয় ? ৮

তাহা হইলে তখন আমি কার স্মরণ লইব তাহা বলুন। ঠাকুর ঈষৎ হাস্য করিয়া গিরীশকে বলিয়াছিলেন। দেখ বিষহীন বিষধরের দংশনে কেহ মরে নাই বা কোনরূপ বিষক্রিয়া হয় নাই। কিন্তু যদি মহা বিষধর সর্প দংশন করে তবে তৎক্ষণাৎ মৃত্যু হয়। কারণ অতি উগ্র শক্তিবশতঃ কেহই বাঁচে না। ৮-১১

হে পুত্র তোমার বিষয়ভাব সমূলে বিনষ্ট হইয়া আমাতে মন প্রবিষ্ট হইবে। এইভাবে কিছুদিন গত হইলে গিরীশচন্দ্র ঠাকুরকে বলিয়াছিলেন। প্রতিনিধি দেওয়ায় এত যাতনা হয় ইহা আমি পূর্ব্বে বুঝি নাই। এখন আমি যে কিছু কার্য্য করি তাহাতেই দেখিতে পাই ঠাকুর যেন রোগীর মত আমার জন্য কষ্ট পান। ১২।১৩।১৪

धिङ्मां विगर्हितं मद्विद्रुं ष्क्रान्तं कुलकज्जलं ।
योऽहं श्रीगुरुदेवं कलुषं नन्दितोऽभूयं ॥ १५
कदिन्द्रियैः कदाचार रत वन्धुगणैः सह ।
करोमि कुत्सितं कर्म्म वहते नोपशाम्यते ॥ १६

अन्त्यलीलायां ८म अः

अपि वैषयिकानन्दं मुपभोक्तुं न शक्ष्यते ।
तस्मात् प्रतिनिधिः श्रेयः प्रातः सायं वरं यदि ॥ १७

भगवच्छरणं यामि तत् सुखमिति मे मतं ।
शिष्यस्य सद्गुरोः कृपालाभं शीघ्रं भवेत्ततः ॥ १८

अनौरस प्रजाः सर्वा गुरोस्तुल्या भवन्ति वै ।
प्रयत्नवान् गुरुर्नित्यं शिष्याभ्युदय हेतवे ॥ १९

ज्ञातवांष्ठाकुरये त्थं दिक्पाला भवेयुर्भुवं ।
शिष्या मे ध्यानयोगेन यतस्तन्मयतां गताः ॥ २०

तथाप्येषां कमप्येकं सर्व्वश्रेष्ठ गुणान्वितम् ।
अत्युच्च साधनासिद्धं कर्त्तुं शक्नोमि चेदहं ॥ २१

"Fie upon me. I am so mean and vicious that I have made my preceptor suffer for my abominable habits and conduct. I never think of abstaining myself from bad practices. I now find peace of mind in remembering God in the morning and evening, and I am sure to be blessed by my preceptor if I do so. The preceptor treats impartially all his disciples and has the same good wishes for all." Thakur knew that his disciples who had attained profound spiritual concentration would rise to the summit of divine glory. Still he desired to make one of them the greatest of all holy men

in order that many others might be benefitted by him. 15 to 21

বঙ্গানুবাদ :—

সজ্জনগণের দ্বারা অতিনিন্দিত বংশের কুলাঙ্গার মহা পাপা আমাকে ধিক্। আমি এমন হতভাগ্য যে গুরুকে পাপ দিয়া বিষয়ভোগে চরিতার্থ হইতেছি। এখন আমি দুরাচাররত বন্ধুবর্গের সহিত প্রতিদিন কুৎসিত ইন্দ্রিয় দ্বারা আমার মন সুখ ভোগ করিতেছে। এবং পূর্ব্বে আমি যে সকল কার্য্যে ঘৃণা করিতাম, তাহাকে ভাল বলিয়া মনে করিতেছি। অর্থাৎ পাপপুণ্যের ভার যখন গুরুর উপরে ন্যস্ত করিয়াছি তখন আমি যাহা ইচ্ছা করিতে পারি এইরূপ দুর্বুদ্ধি সম্পন্ন হইয়াছি, অতএব আমাকে শতধিক। বরং আমি প্রাতঃকালে বা সন্ধ্যার সময়ে ভগবানকে ডাকি তাহাই আমার পরম মঙ্গলদায়ক প্রতিনিধির অপেক্ষা খুব ভাল। এইরূপ করিলে শিষ্যের সদ্‌গুরুর কৃপা শীঘ্রই হয়। ১৫-১৮

শিষ্য সকল গুরুর মত হউক তজ্জন্যই গুরু সর্ব্বদা শিষ্য সকলের গুরু ভক্তির বৃদ্ধির জন্য চেষ্টা করেন। ঠাকুর জানিতেন যেহেতু আমার শিষ্যগণ ধ্যান দ্বারা নির্ব্বিকল্প সমাধি লাভ করে ইহারা প্রত্যেকে এক একটি দিক্‌পাল বা জগতে সর্ব্বশ্রেষ্ঠ সাধু বলিয়া নিশ্চয় পরিচিত হইবে। তাহা হইলেও ইহাদিগের মধ্যে কোনও একটি সর্ব্বোত্তম গুণান্বিত শিষ্যকে যদি আমি অতি উচ্চ সাধনায় সিদ্ধ করিতে পারি তবে আমার অবর্ত্তমানে বহু শিষ্যের মঙ্গল হইবে। ১৯।২০।২১

घन्यलीलायां ८म श्लः

भाविनि समये तेन वहूनां मङ्गलं भवेत् ।
तस्मादाजन्मवैराग्य ध्यानवन्तं नरोत्तमं ॥ २२

श्रीनरेन्द्रनाथ शिष्यं विशेषेणोपदिष्टवान् ।
यैः साधनैः सिद्धिलाभं चकार भगवान् स्वयं ॥ २३

तत् सर्व्वं साधनामार्गं नरेन्द्राय प्रदत्तवान् ।
यदा श्रीठाकुर श्चासोद्दक्षिणेश्वरधामनि ॥ २४

मातृभावोपलब्धयर्थं शक्तिमन्त्रेण दीक्षितं ।
अकरोद् यं श्रीठाकुरः सोऽयमद्यान्यरूपकः ॥ २५

भगवतः पितृभावोपलब्धिकाम्यया तदा ।
जना यदा सुप्तिमग्नानिद्राघोरेऽति भयङ्करे ॥ २६

उद्यानस्य चतुर्दिक्षु सदासौ रामनामभिः ।
तदुद्यानं मुखरितं कृत्वा नरेन्द्र साधकः ॥ २७

उन्मत्तवद्विचरतिविज्ञायेदं प्रभु स्तदा ।
स्व सकाशे समानीय भावाविशित चेतसे ॥ २८

With this object Thakur imparted the best of his advice and guidance to Narendranath. Thakur initiated Narendranath with the holy name of the Goddess Kali. A change came over Narendranath. Once in the dead of night he ran to and fro in the garden shouting the holy name of Rama like a mad man. Thakur brought him near to himself. 22 to 28

বঙ্গানুবাদ :—

এইরূপ চিন্তা করিয়া ঠাকুর আজন্ম বৈরাগ্য ও ধ্যাননিষ্ঠ নরোত্তম শ্রীমান নরেন্দ্রনাথ শিষ্যকেই বিশেষভাবে উপদেশ করিয়াছিলেন। যে সকল সাধনায় ঠাকুর নিজে সিদ্ধিলাভ করিয়াছিলেন। সাধনার সেই সকল পথ নরেন্দ্রনাথকে দেখাইয়াছিলেন। ঠাকুর যখন দক্ষিণেশ্বরে ছিলেন সেই সময় শক্তি সাধনায় সিদ্ধির জন্য যে নরেন্দ্রকে শক্তি মন্ত্রে দীক্ষিত করিয়াছিলেন। আর সেই নরেন্দ্র অন্যরূপ অর্থাৎ দাস্য ভক্তির উপলব্ধির জন্য যে সময় লোক সকল গাঢ় নিদ্রায় নিদ্রিত সেই রাত্রি দ্বিপ্রহরে ভয়ঙ্কর সময়ে বাগানের চতুর্দিকে রাম রাম এই নামের ধারা উদ্যান পরিপূরিত করিয়া সাধক চূড়ামণি নরেন্দ্র পাগলের মত বেড়াইতেছেন। ঠাকুর এই ব্যাপারটি জানিয়া নরেন্দ্রকে নিজের নিকটে বসাইয়া ভাবাবিষ্ট অবস্থায় বিশুদ্ধ বিজ্ঞানময় তারক ব্রহ্ম রাম নাম কর্ণমূলে দিয়াছিলেন। যে তারক ব্রহ্ম রাম নাম সচ্চিদানন্দ স্বরূপ সেই নাম বিশুদ্ধ সর্বশ্রেষ্ঠ অসাধারণ শিষ্য একমাত্র নরেন্দ্রকেই দিয়াছিলেন। ২২-২৯

प्रददौ तारकमन्त्रं रामनाम चिदात्मकं ।
असाधारण शिष्याय नरेन्द्राय सुयोगिने ॥ २८
वैराग्यमवतारस्य बुद्धदेवस्य चैकदा ।
श्रीनरेन्द्रः समालोच्य सुचिन्तां कृतवानिमां ॥ ३०
ममो परि ठाकुरस्य स्नेहोऽपि बन्धनं मम ।
यत्र स्नेहो भयं तत्र स्नेहो दुःखस्य कारणम् ॥ ३१
स्नेह मूलानि दुःखानि तस्मिंस्त्यक्ते महत् सुखं ।
सन्त्यज्य ठाकुरस्नेहं स्थित्वाऽत्र सुनिर्जने ॥ ३२

अन्त्यलीलायां ८म अः

तत्र तपश्चरिष्यामि ठाकुरं प्राणघातिकं ।
यदि दृग्गोचरो न स्यादीश्वरो मे तपस्यया ॥ ३३
जीवनान्तं करिष्यामि तदैवाहं न संशयः ।
एवं व्यवसाय मतिः श्रीनरेन्द्रः प्रभोः प्रियः ॥ ३४
बुद्धगयां गतः साधुर्नोक्त्वा कमपि किञ्चन ।
सिद्धचेत्रं मन्यमानस्त्यक्त्वा तं गुरुसन्निधिं ॥ ३५

He brought home to Narendranath the inner significance of the holy name of Rama. On studying the life and character of Buddha, Narendranath thought, "I feel myself tied to Thakur by his affection. Love or affection is the root of all misery. So I should cut off all connection with Thakur and get on with my holy pursuits in a lonely place. In spite of this if I fail to see God I shall cease to breathe." With this thought, Narendranath went to Buddha Gaya without disclosing his intention to anybody. 29 to 35

বঙ্গানুবাদ :—

একদিন নরেন্দ্র বৈরাগ্যের অবতার ভগবান বুদ্ধদেবের চরিত্র আলোচনা করিয়া এইরূপ ভাবিয়াছিলেন। আমার উপরে ঠাকুরের অত্যধিক ভালবাসাই আমার বন্ধনের জন্য হইতেছে। কারণ যেখানে স্নেহ সেইখানেই ভয় অতএব ভালবাসাই দুঃখের কারণ

অন্ত্যলীলায়াং নবম শঃ

দুঃখ সকলের মূল স্নেহ সেই স্নেহকে যদি ত্যাগ করিতে পারা যায় তাহাহইলেই যথার্থ আনন্দ হয়। অতএব ঠাকুরের স্নেহ পরিত্যাগ পূর্ব্বক নির্জনে যাইয়া সেইখানে কঠোর প্রাণপাত তপস্যা করিব।

৩০।৩১।৩২

তাহাতেও যদি ঈশ্বর প্রত্যক্ষ না হয়। তবে তপস্যার দ্বারাই জীবনান্ত করিব। ইহা নিঃসন্দেহ এইরূপ নিশ্চয় বুদ্ধিযুক্ত ঠাকুরের প্রিয় শিষ্য শ্রীনরেন্দ্র কাহাকেও কিছু না বলিয়া গুরুর সান্নিধ্য ত্যাগ পূর্ব্বক সিদ্ধ ক্ষেত্র মনে করিয়া বুদ্ধগয়াতে গমন করিয়াছিলেন।

৩৩।৩৪।৩৫

तेन काशीतारकस्य सोदर्य्यं प्रतिमा बुभौ।
साधुसङ्गं मन्यमानौ गतवन्तौ मुदान्वितौ ॥ ३६
बुद्धगयां गतास्तेतु दिनानि कतिचित् सुखं।
स्थित्वाऽह तमतैनैव चक्रुस्ते ब्रह्मसाधनं ॥ ३७
यदातैः श्रीठाकुरस्याकर्णं विदितं महत्।
श्रीनरेन्द्र स्तदोवाच दुःखाकुलित चेतसां ॥ ३८
सिद्धिं न विन्दते कोऽपि बहुयत्नयुतोऽपि सन्।
प्रभोः कृपा विनान्यत्र कुत्रापि कामपि ध्रुवं ॥ ३९
एवं सलज्जितोभूत्वा त्यक्त्वा बुद्धगयां सुधोः।
पुनः प्रत्यागतस्तत्र यत्र देवो विराजितः ॥ ४०
अथैकस्मिन दिनेऽप्यत्र दुःखान्तकरण प्रभुः।
स्व सन्निध्यौ स्थितं कश्चिद् युवकं ग्निथमब्रवीत् ॥ ४१
पश्य भोः श्रीनरेन्द्रोऽयमति चाञ्चल्यभाग् यतः।
पीड़ितं सम्परित्यज्य नोक्ता मामपि किञ्चन ॥ ४२

अन्त्यलीलायां ८म अ:

Kasni and Tarak, who were like brothers to Narendranath, accompanied him to Buddha Gaya. For some days they stayed there happily. Narendranath, in spite of all concentration in his penance, felt that the attraction of Thakur was too great to be avoided. He said that in spite of every effor none could attain success without the favour of one's preceptor. He became ashamed of his conduct and came back to Thakur from Buddha Gaya. Once, when Narendranath left Thakur for Buddha Gaya, Thakur said sorrowfully to one of his young disciples, "You see, Narendra is so impatient that he has left me in my sick bed without my knowledge. 36 to 42

বঙ্গানুবাদ :—

সহোদর সদৃশ কাশী এবং তারক এই দুইটি গুরু ভাই উত্তম সব মনে করিয়া আনন্দের সহিত নরেন্দ্রের সঙ্গে গিয়াছিলেন। তাঁহারা তিন জনে বুদ্ধ গয়াতে যাইয়া কিছুদিন সুখে অবস্থান করিয়া শুদ্ধাদ্বৈত মতে ব্রহ্ম সাধন করিয়াছিলেন। ৩৬৩৭

যখন সেই নরেন্দ্র ঠাকুরের আকর্ষণ বুঝিতে পারিয়াছিলেন। তখন অত্যন্ত দুঃখিত হইয়া বলিয়াছিলেন। সাধক বহু চেষ্টা করিলেও গুরু কৃপা ভিন্ন অন্যত্র কোথাও অর্থাৎ যত নির্জন স্থানেই থাকুক না কেন কিছু মাত্র সিদ্ধি লাভ করিতে সমর্থ হয় না।

৩৮।৩৭।৩৮।৩৯

অন্ত্যলীলায়াং দশম খ:

এইরূপভাবে নরেন অত্যন্ত লজ্জিত হইয়া বুদ্ধ গয়া পরিত্যাগ পূর্ব্বক পুনর্ব্বার ভগবান যে স্থানে বিরাজিত আছেন সেই স্থানে প্রত্যাগমন করিয়া ছিলেন অর্থাৎ সেই কাশীপুরের উদ্যান গৃহে আসিয়াছিলেন। ৪০

যখন নরেন বুদ্ধ গয়া যাইয়াছিলেন। সেই সময় ঠাকুর অত্যন্ত দুঃখিতান্তঃকরণে একটি যুবক শিষ্যকে বলিয়াছিলেন দেখ হে নরেন্দ্র বড়ই চঞ্চল আমাকে পীড়িত অবস্থায় কিছু না বলিয়া পরিত্যাগ করিয়া কাশী এবং তারকের সহিত চলিয়া গিয়াছে। এই কথা আমি শুনিয়াছি। ৪১।৪২

কাশী তারকযুক্তোঽসৌ গতবানিতি মে শ্রুতং।
অর্ভকমিব তং দেবং যুবকঃ শান্তবাগসৌ ॥ ৪৩
প্রোবাচ পরমানন্দং হিত্বা ত্বাং কুত্র যাস্যতি।
শ্রীনরেন্দ্রো মহাভাগঃ শীঘ্রমেষ্যতি নিশ্চিতং ॥ ৪৪
নোচিন্তা নাপিগন্তাঘ ভবত স্তত্ কৃতে ধ্রুবং।
সর্ব্বানন্দপ্রদং পাদপদ্মং তব সন্ত্যক্ষ্যতি ? ৪৫
শ্রুত্বা শ্রীভগবাং স্তস্য যুবকস্য সুভাষিতং।
আনন্দসিন্ধু মগ্নোঽভূদীপদ্ধাস্য পুরঃসরম্ ॥ ৪৬
উবাচ পুনরেবেদং সত্যমুক্তং ত্বয়া সুত।
আম্রতলে বিল্বতলে পনসস্যতলেঽথবা ॥ ৪৭
যত্র কুত্রস্থিতির্বাপি সা স্থিতির্নাস্তি কুত্রচিত্।
গুরো স্তস্য পাদমূলে স্থিতিরেব ভবেদ্ধ্রুবা ॥ ৪৮
মত্ কর্ম্ম সাধনার্থায় চানীতো জগদম্বয়া।
যঃ স কথং পরিত্যজ্য মামন্যত্র গমিষ্যতি ॥ ৪৯

অন্ত্যলীলায়াং ৮ম অ:

"I am told that he has gone with Kashi and Tarak." The young disciple comforted Thakur saying, "How can he leave you? Surely he will soon come back. You need not be worried for him." Thakur smiled and felt comforted. "Dear child," said Thakur, you are right. He may sit under a mango tree or any other tree which bears fruit. But he must sit at the feet of his preceptor for the divine wisdom. Moreover, the Goddess brought him to me to serve my purpose and so he cannot leave me and go elsewhere." 43 to 49

বঙ্গানুবাদ :—

এই কথা শুনিয়া সেই যুবক শিষ্য বালককে যেরূপ সান্ত্বনা বাক্য বলে ঠাকুরকে সেইরূপ ভাবে বলিয়াছিল। মহাভাগ শ্রীনরেন্দ্র পরমানন্দ স্বরূপ আপনাকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবে তিনি শীঘ্রই আসিবেন। আপনি ইহা নিশ্চয় জানিবেন।

৪৩।৪৪

নরেন্দ্রের জন্য আপনি কোনরূপ চিন্তা বা আশঙ্কা করিবেন না। সর্বানন্দপ্রদ আপনার পাদপদ্ম সে কি পরিত্যাগ করিতে পারে। ঠাকুর সেই যুবক শিষ্যের মধুর বাক্য শ্রবণপূর্বক ঈষৎ হাস্য সহকারে আনন্দ সমুদ্রে নিমগ্ন হইয়াছিলেন। ৪৫।৪৬

এবং বলিয়াছিলেন হে পুত্র তুমি যাহা বলিলে তাহা অতীব সত্য। আমতলা বেলতলা কাঁঠাল তলা যেখানেই যাউক না কেন তার সেরূপভাবে অবস্থান কোথাও হইবে না সেই নরেন্দ্রের গুরু পাদ মূলেই অবস্থান নিশ্চয়ই হইবে। আমার কার্য্য সাধনের জন্য জগদম্বা যাহাকে আনিয়াছেন সে কি আমাকে ছাড়িয়া যাইতে পারে। ৪৭।৪৮।৪৯

> अत स्तस्य गतिः पद्माम्मैव सर्व्वदा भवेत्।
> यस्मिन्नरेन्द्रस्य गते युवकेनाह्नि प्रभोः ॥ ५०
> कथोपकथनश्चासीत्तच्चतुर्द्दिनतः परं।
> यथा कठिन दण्डार्होऽपराधमन सङ्कुलः।
> तादृक् प्रभोः समीपे स नरेन्द्रो मुख्य सेवकः ॥ ५१
> पादमूले गुरोस्तस्य पतितः सम्बभूव ह।
> एवमस्य नरेन्द्रस्य स्वाश्रद्वारे गते सति।
> सुनिर्म्मलमभूत्तस्य ह्यार्द्दीकाय सुयोगिनः ॥ ५२
> ख्यातं श्रीठाकुरेणेत्थं श्रीनरेन्द्रो गते मयि।
> मदीयामृतवाक्यानां संरक्षिष्यत्ययं युवा ॥ ५४
> ब्राह्म समाज सम्पत्वाद्देवीमूर्त्तेः सुचिन्तनं।
> पूजनं वा नरेन्द्रस्य कदापि नच संभवेत् ॥ ५५
> किन्तु ठाकुर सम्पर्कान्मोह मूर्त्तेः समीक्षणात्।
> माद्य भक्तिः समुत्पन्ना कालिकायां विशेषतः ॥ ५६

"Hence Narendra cannot but follow me." Just after four days Narendra came and surrendered himself at the feet of Thakur like a culprit

trembling with the fear of rigorous punishment. *Narendranath had lost his pride in his own* ability and his mind had become free from all impurities. Thakur knew that Narendranath would be one of his best disciples after his demise. As a member of Bramha Samaj Narendra cannot worship the Goddess. But due to close touch with Thakur and frequent visit to the temple, a devotion to the Goddess had developed in him. 50 to 56

বঙ্গানুবাদ :—

অতএব নরেন সর্ব্বদাই আমার পশ্চাতে থাকিবে যেদিনে যুবক শিষ্যের সহিত ঠাকুরের নরেন্দ্রের অন্যত্র গমন বিষয়ে কথোপকথন হইয়াছিল সেইদিন হইতে চতুর্থ দিনের পর অর্থাৎ পঞ্চম দিনে যেমন বিচারকের নিকটে কঠিন দণ্ড যোগ্য অপরাধী ব্যক্তি দণ্ডায়মান হয় তদ্রূপ ঠাকুরের মুখ্য সেবক শ্রীনরেন্দ্র ঠাকুরের সমীপে যাইয়া পাদমূলে পতিত হইয়াছিল। ৫০।৫১।৫২

এইরূপভাবে নরেন্দ্র অহমিকা শূন্য হইয়া বিশুদ্ধ স্বরূপ হইয়াছিলেন। ঠাকুর জানিয়াছিলেন আমার অবর্ত্তমানে কথামৃতের রক্ষক একমাত্র নরেন্দ্রই হইবে। নরেন্দ্র ব্রাহ্ম সমাজের সভ্য বশতঃ দেবী মূর্ত্তির ধ্যান বা পূজাদি অসম্ভব হইলেও ঠাকুরের সম্পর্কবশতঃ প্রায় মাতৃমূর্ত্তি দর্শন জন্য মাতা কালিকাতে বিশেষভাবে মাতৃভক্তি হইয়াছিল। ৫৩।৫৪।৫৫।৫৬

পরন্তু কালিকা মাতু রুপবিশ্যান্তিকে হি সঃ।
প্রার্থনামকরোৎনিত্যং গলবস্ত্রঃকৃতাঞ্জলিঃ ॥ ৫৭
দেহি বিবেক বৈরাগ্যে মাতর্মহ্যং মহেশ্বরি।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৫৮
পুত্রং সুষ্ঠ পদারুঢ়ং যথাপ্নোতি পিতাসুখং।
শ্রীনরেন্দ্রে তথাদেব্যাঃ প্রপন্নে ঠাকুরোঽপি চ ॥ ৫৯
প্রাপ্তবান পরমানন্দং ননর্ত্তা ধীরতাং গতঃ।
এবমলৌকিকীং শক্তিং দর্শয়ামাস তং তদা ॥ ৬০
ঠাকুরেণ যদা দৃষ্টো নরেন্দ্রঃ সাধনোদ্যমী।
যত্র যদ্রূপ সাধনমকরোদ্ভগবান্ স্বয়ং ॥ ৬১
তদ্রূপং সাধনং তং বৈ কর্ত্তুমুপদিদেশ সঃ।
শ্রীমন্নরেন্দ্রস্য তদা শঙ্খকুণ্ডল ধারণং ॥ ৬২
যোগসিদ্ধৈর ধারণীয়মিতি মত্বা মহাপ্রভুঃ।
জ্ঞাত্বা কালাত্যয়ং দেবঃ শঙ্খকুণ্ডল সংদদৌ ॥ ৬৩

He would sit before the Goddess and pray to Her with all humility and earnestness, "Oh Mother, be pleased to give me wisdom and freedom from all earthly attachments. Just as a father gets delighted with his son's attainment of the most dignified position so also Thakur was much pleased to see Narendra seeking the grace of the Goddess. He danced in joy and showed the divine power to Narendranath. He

*also gave him all instructions as to the ways to attain success in his holy pursuits. Narendranath desired to wear ear-rings made of conch.*

57 to 63

বঙ্গানুবাদ :—

নরেন্দ্র মাতা কালিকাদেবীর সম্মুখে বসিয়া প্রতিদিন গলবস্ত্রকৃতাঞ্জলি পুরঃসর প্রার্থনা করিতেন।

হে মহেশ্বরী আমাকে বিবেক ও বৈরাগ্য দাও হে মাতঃ তোমাকে পুনঃ পুনর্বার নমস্কার করি। ৫৭।৫৮

পুত্র উক্ত পবন্ন হইলে পিতা যেরূপ আনন্দিত হয়েন। সেইরূপ নরেন্দ্র মাতা কালিকা দেবীর শরণাপন্ন হইলে ঠাকুর ও পরমানন্দ লাভ করিতেন, এবং আনন্দে অধৈর্য্য হইয়া নৃত্য করিতেন। সেই সময়ে ঠাকুর নরেন্দ্রকে দিব্য দর্শন করাইয়াছিলেন। ৫৯।৬০

কিন্তু গভীর রাত্রে পঞ্চ বটীর নিম্নে পঞ্চ মুণ্ডীর আসনে বসিয়া সাধন করা দুঃখদায়ক হইবে। অর্থাৎ দক্ষিণেশ্বর মহা শ্মশান সাধকগণের ভয় ও বিঘ্ন সঙ্কুল এবং যেখানে সাক্ষাৎ ভগবতী শ্মশান

মৃৎকুণ্ডলং ঘটয়িত্বা কর্ণয়োরতিশোভনং।
ধারণং কারয়ামাস বুদ্ধদেবানুসারতঃ ॥ ৬৪
আশীর্ব্বাদঃ কৃতস্তেন প্রভুনানন্দ চেতসা।
বুদ্ধবদ্ যোগসিদ্ধিঃ স্যাত্তবমি সুপ্রসাদতঃ ॥ ৬৫
কিন্তু ঘোর নিশাকালে তত্র পঞ্চবটী তলে।
পঞ্চমুণ্ডাসনে স্থিত্বা সাধনং দুঃখদং ভবেৎ ॥ ৬৬
ভীতি বিঘ্নময়ে স্থানে দক্ষিণেশ্বরধামনি
যত্র শ্রীজগদম্বায়াঃ পীঠরক্ষক ভৈরবঃ ॥ ৬৭
বিরাজিতঃ সর্ব্বদৈব সাধকানাং ভয়াবহঃ।
অতঃ স্ব প্রাণতুল্যন্তং নরেন্দ্রং হি তদা প্রভুঃ ॥ ৬৮
সাৰ্দ্ধং হুটকো গোপালেন নির্ভীক সেবকেন হি।
তত্র মহাপীঠ মধ্যং প্রেরয়ামাস তং তদা ॥ ৬৯
গত্বা যত্র নরেন্দ্রোঽপি মহাপীঠে যথাবিধি।
সিদ্ধাসনে চোপবিশ্য সমাহ্যভ্যন্তরে সুধীঃ ॥ ৭০

On seeing that it would take long time to procure the conch ring, Thakur made him wear earthen rings, like the Buddhists, and blessed him. However; considering that it would be very difficult for Narendra to practise holy rites in the dead of night at *Panchavati*, Thakur sent

Narendra with Hootaka Gopal to the place. In a week Narendra attained success in his penance. 64 to 70

বঙ্গানুবাদ :—

কালিকার অতি ভয়ঙ্কর পীঠ রক্ষক ভৈরব সর্ব্বদাই বিরাজ করেন এইরূপ ভাবিয়া ঠাকুর নিজের প্রাণতুল্য নরেন্দ্রকে নির্ভীক সেবক হুটকো গোপালের সহিত সেই পঞ্চ মুণ্ডীর মহা পীঠে নরেন্দ্রকে পাঠাইয়াছিলেন। ৬৬,৬৭।৬৮।৬৯

ঠাকুরের উপদেশ মত নরেন্দ্রও সেই মহা পীঠে যাইয়া সিদ্ধ পঞ্চ মুণ্ডীর মহাসনে উপবেশন পূর্ব্বক সপ্তাহ মধ্যে সিদ্ধি লাভ করিয়া পুনরায় প্রভুর পাদ মূলে সাধনের বিষয় যথাযথভাবে বর্ণনা করিয়াছিলেন। ৭০।৭১

ठाकुरस्यानुग्रहे न सिद्धिं लब्ध्वा महामतिः ।
पुनः प्रभोः पादमूले तत् सर्व्वं समवर्णयत् ॥ ৭১
वार्त्तास्ति काचिदेवं सा भूरिभोक्ष्यति यः सुतः ।
ततोऽधिकं प्रार्थयति खादितुं पितुरन्तिके ॥ ৭২
तद्वदत्र नरेन्द्रोऽयं ठाकुरस्यान्तिके सदा ।
साधनासिद्धि मासोऽपि वदत्येवं पुनः पुनः ॥ ৭৩
अहं ब्रह्मेत्यभिध्यानं समाधिरिति गीयते ।
स्वरूपस्तस्य कृपया वद मां भक्तवत्सल ॥ ৭৪
यदनुष्ठानतो मे स्यात् समाधिर्निर्विकल्पकः ।
श्रुतं मया साधकस्य स एव मोक्षरूपकः ॥ ৭৫
सर्वोच्च साधना सा तु यया स्यादपरोक्षकं ।
ब्रह्मदर्शनरूपस्तद् वशिष्ठ व्यास सम्मतं ॥ ৭৬

अन्त्यलीलाया' द्म अ:

श्रु त्वैव' ठाकुर: प्राह नरेन्द्र' श्रेष्ठ साधक'।
भविष्यति यथाकाले साम्प्रत' सुस्थिरो भव ॥ ৩১

After that, Narendranath requested Thakur to impart the instructions as to how to lose oneself in God. Thakur asked him to have patience for the time being. 71 to 77

বঙ্গানুবাদ ঃ—

এইরূপ প্রবাদ আছে যে যাহার পুত্র যত থায় তাহার পুত্র তত চায় এ স্থলে সাধন সিদ্ধ নরেন্দ্র ও ঠাকুরের নিকট প্রায়ই পুনঃ পুনঃ বলিতেন শাস্ত্রে অহং ব্রহ্মাস্মিরূপে সাধনে সমাধি লাভ হয়। অতএব হে ভক্ত বৎসল সেই সমাধির স্বরূপটি কিরূপ তাহা আমাকে বলুন। যে অনুষ্ঠান করিলে আমার নির্বিকল্প সমাধি লাভ হইবে। শুনিয়াছি সাধকের সেই নির্বিকল্প সমাধিই মোক্ষ স্বরূপ।

৭২ ৭৩।৭৪।৭৫

তাহাই সর্বোচ্চ সাধন যে সাধনা হতে ব্রহ্ম স্বরূপ প্রত্যক্ষ হয়। সেই সমাধিই ব্যাস বশিষ্ঠ প্রভৃতি ব্রহ্মর্ষি সম্মত। এই কথা শুনিয়া ঠাকুর নরেন্দ্রকে বলিয়াছিলেন। ঠিক সময়ে হইবে। যেহেতু তুমি শ্রেষ্ঠ সাধক উপস্থিত তুমি চঞ্চল হইও না। ৭৬।৭৭

किन्तु भविष्यतिकदा कथ' वा तत् प्रकारक।
न किञ्चित् ठाकुरेणोक्तमाग्रास वाक्य केवल' ॥ ৩৮
यथैकस्मिन्दिने योगीध्यानमग्नो यदा भवत्।
तदा तस्य नरेन्द्रस्य स्थूलदेहाद्विनिर्गत: ॥ ৩৫

सूक्ष्म देहो गत स्तस्यसूक्ष्मे चित्सुखधामनि ।
काष्ठपुत्तलिकातुल्यं तदा जड़वपुः स्थितं ॥ ८०
दृष्ट्वैवं भ्राता गोपालः सत्वरं यत्र ठाकुरः ।
तत्र गत्वावदत् सर्व्वं ठाकुरं भक्तिपूर्व्वकं ॥ ८१
नरेन्द्रस्य निर्विकल्प समाधिं श्रुतवान् यदा ।
तदा परममानन्दं लेभे परमठाकुरः ॥ ८२
उवाच चोत्तमं भूतं यूयं सर्व्वे पपश्यत ।
न तस्य कोऽपि चाञ्चल्यं जनयेद् योगिनोऽधुना ॥ ८३
एतदर्थं चञ्चलं मां श्रीनरेन्द्रो यदा तदा ।
सा मातायकरोत्तस्मै काली केैवल्यदायिनी ॥ ८४

But Thakur did not say how and when Narendra would achieve his desired end. One day when Narendra was in profound meditation his soul came out of his body which remained stiff like a piece of wood. Brother Gopal brought it to the notice of Thakur, who advised Gopal to see that none should cause any disturbance to Narendra. "My Mother," said Thakur, "has now been kind to Narendranath." 78 to 84

বঙ্গানুবাদ ঃ—

কিন্তু কোন সময়ে কিরূপে নির্ব্বিকল্প সমাধি হইবে ঠাকুর তাহা কিছুই বলিলেন না কেবলমাত্র হবে হবে বলিয়া আশ্বাস বাক্য দিলেন। ৭৮

অন্তমনোল্লাসঃ ৮ম খঃ

পরে একদিন মহাযোগী নরেন্দ্র যে সময় ধ্যান মগ্ন হইয়াছিলেন। সেই সময়ে নরেন্দ্রের স্থূল দেহ হইতে একটি সূক্ষ্ম দেহ বহির্গত হইয়া অলৌকিক চিদানন্দময় ধামে গিয়াছিলেন। এবং স্থূল দেহটি একটি কাষ্ঠ পুত্তলিকার মত অসাড় হইয়াছিল। ৭৯।৮০

নরেন্দ্রের এইরূপ অবস্থাটি গুরু ভাই গোপাল দাদা দেখিয়া যেখানে *ঠাকুর আছেন সেই স্থানে যাইয়া ভক্তি পূর্ব্বক সেই সকল* ব্যাপার বলিয়াছিলেন, এবং নরেন্দ্রের নির্ব্বিকল্প সমাধি শুনিয়া পরম গুরু ঠাকুর অত্যন্ত আনন্দিত হইয়াছিলেন। ৮১।৮২

এবং বলিয়াছিলেন বেশ ভালই হইয়াছে। তোমরা নরেন্দ্রকে দেখ উপস্থিত যেন কোন লোক তাহার চঞ্চলতা না আনে, এই নির্ব্বিকল্প সমাধির জন্য নরেন্দ্র আমাকে যখন তখন চঞ্চল করিত।

৮৩,৮৪

निर्विकल्प समाधिं तं दत्तवत्यनुकम्पया।
येन मे वासना पूर्णा कृतस्य जगदम्बया ॥ ৮৫
अधुनानेन रूपेण तिष्ठतु मम पुत्रकं।
लोकवत् स्वप्नलीलां तां दर्शयामास ठाकुरः ॥ ৮৬
भगवत् कृपया चापि प्राप्यापि तपस्यया।
वारमेकं यदि भवेत् समाधि र्निर्विकल्पकः। ৮৮
योगिनो घोरसंसारे मनस्तस्य न मज्जति।
परन्तु शुष्कशाकट लोष्ट्रपिण्ड निभं भवेत् ৮৮ ॥
योगिनः श्रीनरेन्द्रस्य तद्रूपमभवत्तदा।
स्वयं भगवतो यस्य यदर्थमिह सद्गतिः ॥ ৮৯
तपाकृपा वशाद यस्य नरेन्द्रोऽद्वैत सिद्धिमान्।
यत स्वादिष्टविशाखो दग्धस्य पूर्णो यथा ॥ ৯০

অন্ত্যলীলায়াং ৮ম অ:

If a devotee can once realise the all pervading Being no earthly thing can have any attraction for him. Just as iron is attracted by magnet, so also Narendra was attracted and lost himself in the Supreme Being. Yet by the will of God he moved about in this mortal world disinterestedly like one with a cloth burnt out. 85 to 90

বঙ্গানুবাদ :—

আজ আমার ব্রহ্মময়ী মা নরেন্দ্রকে কৃপা করিয়া নির্বিকল্প সমাধি দিয়াছেন। আজ শিব সুন্দরী আমার মনোবাঞ্ছা পূর্ণ করিলেন। ৮৫

একণে নরেন্দ্র এই ভাবেই থাকুক, এইরূপ ভাবে ঠাকুর সাধারণ মানুষের মত লীলা দেখাইয়াছিলেন। ৮৬

প্রাণপাত তপস্যা দ্বারাই হোক অথবা গুরু কৃপা বশতঃই হোক যদি একবার নির্বিকল্প সমাধি হয় তবে সেই যোগীর, মন আর সংসার সমুদ্রে নিমগ্ন হয় না। পরন্তু চুম্বক দ্বারা যেরূপ লৌহ খণ্ড আকৃষ্ট হয় সেই যোগীর মন ও সেইরূপ হইয়া থাকে আমাদের মহা যোগী নরেন্দ্রের তাহাই হইয়াছিল। ৮৭।৮৮

যে ভগবানের সহিত নরেন্দ্রের জীবগণের উদ্ধারের জন্য ইহ জগতে সম্মিলন। সেই ভগবানের কৃপা কনা হইতেই আজ সেই নরেন্দ্র অদ্বৈত সাধনায় সিদ্ধিলাভ করিলেন, এবং ভগবানের ইচ্ছাতেই শ্রীনরেন্দ্র দগ্ধ বস্ত্র পরিধানের মত পুনর্ব্বার বাহ্য বিষয়ে লিপ্ত হইয়াছিলেন। ৮৯।৯০

अन्त्यलीलायां ८म अः

श्रीनरेन्द्रः पुनर्ब्राह्मविषये लिप्ततां गतः ।
प्राप्तार्थं पादरेणूनां पदप्रान्तं प्रभोर्यदा ॥ ९१
समागतः श्रीनरेन्द्र ठाकुरं प्राह सत्वतः ।
तत्त्वमस्यादि वाक्यस्य तात्पर्यं यत् परम्पदं ॥ ९२
तुरीय ब्रह्मशब्दितमवाङ्‌ मनसगोचरं ।
यतो वाचोनिवर्त्तन्ते अप्राप्य मनसा सह ॥ ९३
केवलानुभवानन्द स्वरूप ब्रह्मवस्तुनः ।
आनन्दं त्वामहं चास्वाद पूर्णमलम्भयं ॥ ९४
त्वदर्थमेव नान्यार्थं मत्साधानन्दरत्नराट्‌ ।
हार्दीकाग्र पेटिकाया अन्तरे यत्नतः सुत ॥ ९५
संरक्षितो मयाचाद्य जानीहि त्वं सुनिश्चितं ।
पुनर्यदा मदीयेच्छा भविष्यति पुन ध्रुवं ॥ ९६
तुभ्यं समाधिं दास्यामि निर्विकल्पस्वरूपकं ।
अस्यां दशायां कर्त्तव्यं विशुद्धाचरणं बुधैः ॥ ९७

When Narendra came to Thakur to offer his obesience to him. Thakur received him cordially and said. "I have made you realise the Supreme Being who is not knowable through our senses including mind and who has been described as Divine Joy in the shastras. I treasured that Joy in my heart only for your sake. I shall again give you another taste of it when I shall so desire. At this stage it is wise to keep yourselves free from all impurities. 91 to 97

अन्त्यलीलायां ८म स्कः

বাঙ্গনুবাদ ঃ—

নরেন্দ্র ঠাকুরের পদধূলি লইবার জন্য নিকটে আসিলে ঠাকুর বলিয়াছিলেন। বেদে যে ব্রহ্ম বস্তুকে মনের দ্বারা না পাইয়া যাহা হইতে বাক্য নিবর্ত্তিত হয়। কেবল অনুভব স্বরূপ সেই ব্রহ্ম বস্তুর বাক্য মনের অতীত তুরীয় ব্রহ্ম শব্দের দ্বারা অভিহিত তত্ত্বমসি প্রভৃতি শ্রুতি বাক্যের তাৎপর্য্য যে পরম পদ আজ আমি তোমাকে সেই আনন্দটি আস্বাদযুক্ত করিয়াছি। হে পুত্র সেই আনন্দের রাজা অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ আনন্দ কেবল তোমার জন্যই আমার হৃদয় আকাশ রূপ পেটিকার মধ্যে যত্ন পূর্ব্বক রাখিয়াছি। তুমি ইহা নিশ্চয় জানিবে, অতএব পুনরায় যখন আমার ইচ্ছা হইবে তখন আমি তোমাকে নিশ্চয় সাদরে সেই নির্ব্বিকল্প সমাধিটি দিব, জ্ঞানীগণ এইরূপ অবস্থায় বিশুদ্ধাচারণ অর্থাৎ বিশেষভাবে সদাচার পালন করেন। তোমরা বোধ হয় দেখিয়াছ জটা ভস্ম বিভূষিত সন্ন্যাসী সকল সর্ব্বদাই বিশুদ্ধ অগ্নি সমীপে অবস্থান করেন। ৯১ হইতে ৯৮

कि न पश्यथ यूयं भो जटाभस्मविभूषिताः ।
सन्न्यासिनः सदा सन्ति विशुद्ध शुचिसन्निधौ ॥ ९८
विशुद्ध फलमूलादिकृताहाराः सुयोगिनः ।
तेन तेषां चित्तशुद्धिः सुलभा भवति ध्रुवं ॥ ९९
ततो ध्रुवा स्मृति प्राप्तिर्यया स्यान्निर्विकल्पकः ।
समाधिः सर्वग्रन्थीनां विप्रमोक्षस्ततो भवेत् ॥ १००
श्रुत्वैवं श्रीनरेन्द्रस्तु केवलं पौरुष प्रियः ।
तत्र तेन बहुतरा कृता चेष्टा प्रयत्नतः ॥ १०१
न लेभे तं समाधिन्तु नरेन्द्रो मुख्यसेवकः ।
एवं गते बहुतिथे तिरोधानात् परं प्रभोः ॥ १०२

अन्त्यलीलायां नवमः

तीर्थं श्रेष्ठ हृषीकेशश्चैव कुञ्जाम्रके यदा ।
स्थितो योगी तपस्यार्थं तत्र कस्मिन्दिने तदा ॥ १०३
ध्यानैक मनसस्तस्य बाह्यज्ञान विलुप्तता ।
गतस्य देहयन्त्रस्य भूतले पतितस्य च ॥ १०४

"You must have seen holy men with matted hair and bodies smeared with ashes sitting by the fire and living upon fruits only to maintain purity of mind and soul, which causes merit for realisation of Divinity and salvation.' Of all the disciples only Naredra made utmost efforts to have the Divine joy once again but in vain. Some time after Thakur had left this mortal world, Narendra went to the holy place of Hrishikesh. Once during his stay there while in deep meditation he lost his consciousness. 89 to 104

বহু প্রকার চেষ্টা করিয়াছিলেন কিন্তু তথাপি প্রভুর মুখ্য সেবক নরেন্দ্র সমাধি লাভ করিতে সমর্থ হন নাই। এইরূপে কিছুদিন গত হইলে প্রভুর তিরোভাবের পর যে সময়ে যোগী নরেন্দ্র তপস্যার জন্য হৃষীকেশ তীর্থের মধ্যে বুজাত্র নামক ক্ষেত্রে অবস্থান করেন। সেই সময় সেই স্থানে একদিন একমাত্র ধ্যানান্তঃকরণ নরেন্দ্রের বাহ্য জ্ঞান শূন্য হইলে ভূতলে পতিত দেহের। ৯৯ হইতে ১০৪

निस्पन्दामुर्धं मनिरपि न स्पन्दते नेत्रयुग्मं
नासाश्वासानिल विरहितं जीवनं नोपलब्धं ।
गङ्गास्नाकं सम भवदियं मृत्यु नापस्यमान
स्त्यक्त्वा देहं परमभवनं याति यन्त्री यशस्वी । १०५
सर्व्वं चैवं पदनखरतो जानु जङ्घोदरादिं
वक्षः कण्ठः सुनयनयुगं भाल नासोदिकांश ।
उद्वीक्ष्यैतांश्च खल् विकल्पान् मन्यमानास्तदैवं
श्चत्युच्चै स्तत् खलु भगवतो रामकृष्णस्य नाम ॥ १०६
चक्रे रात्रौ श्रवणकुहरे भूय एवालपन्तं
सज्ञालब्धो खलु परदिने सर्व्वलोकाः स्तदीयान् ।
प्रोवाचैवं मम भगवतो भूय एवा शिषाद्य
नोवाकोऽयमभवद्धो निर्व्विकल्प स्वरूपः ॥१०७

He appeared to be dead. But his followers observed that his bcdy was however not distorted or decomposed like other dead bodies. So they loudly chanted the holy name of Ramakrishna all the night long till next day Narendra regained

his senses, and said, "By the grace of Thakur I attained the Divine consumation, once again."
105 to 107

বঙ্গানুবাদ :—

তাঁহার প্রাণ নাড়ীর স্পন্দন শূন্য হইয়াছিল। এবং সূক্ষ্ম সূক্ষ্ম শিরা সকল বা চক্ষুর্দ্বয় স্পন্দন শূন্য হইয়াছিল। নাসিকার শ্বাস প্রশ্বাস জনিত বায়ু শূন্য বশতঃ প্রাণহীন বা মৃত বলিয়া নিশ্চয় করাইয়াছিল। অতএব আমাদের এইরূপ ভীতিপ্রদ আশঙ্কা উপস্থিত হইলে একমাত্র কর্ণ ধারক বা চালক মৃত্যু গ্রাসে পতিত হইয়া স্থূল দেহ পরিত্যাগ পূর্ব্বক ভগবল্লোকে গমন করিয়াছেন। এইরূপ ভাবনা করিয়া আমরা সকলে তাঁহার পায়ের নথ হইতে আরম্ভ করিয়া বাহু জঙ্ঘা ও উদরাদি বক্ষঃ স্থল কণ্ঠদেশ ও চক্ষু দুইটি ললাট কণ্ঠদেশ ও নাসিকাদি এই সকল বিশেষভাবে পরীক্ষা করিয়া দেখিলাম কোন ইন্দ্রিয়ই নষ্ট হয় নাই অর্থাৎ ইন্দ্রিয় সবলের ক্রিয়া না থাকিলেও কিছু মাত্র বৈপরীত্য হয় নাই। তখন আমরা ভাবিয়া চিন্তিয়া সকলে একত্রিত হইয়া অতি উচ্চ কণ্ঠে ভগবান শ্রীরামকৃষ্ণ নাম তাঁহার কর্ণকুহরে পুনঃ পুনর্ব্বার দিবারাত্র বলিতে বলিতে প্রভাত হইলে পরদিনে চৈতন্য লাভ করিয়া তাঁহারই আশ্রিত আমাদের সকলকে এইরূপ বলিয়াছিলেন। শ্রীগুরু ভগবান ঠাকুরের আশীর্ব্বাদে আজ আমার পুনর্ব্বার এইরূপ আশ্চর্য্য নির্ব্বিকল্প স্বরূপ সমাধি হইল। ১০৫ হইতে ১০৭

স্কন্দপুরাণস্য মধ্যে কেদারখণ্ড নামকে।
অধ্যায়েঽস্তি পুণ্যকথা বৈশ্যদৈবতপস্যয়া॥ ৭ ৮

अष्टात्रिंशत्तमाध्यायः

सन्तुष्टो भगवानासीद् हृषीकेशे स्वधामनि ।
आम्रस्याभ्यन्तरे स्थित्वा भगवान् कुब्जरूपकः ॥ १०८
स्वरूपं दर्शयित्वा तं रैभ्यदेवं तपस्विनं ।
तद्वाञ्छितं वरं तस्मै दत्वा चैवमुवाच तं ॥ ११०
ये येऽस्मिन् यः मासमात्रं तपश्चरति सन्मनाः ।
आशुसिद्धिर्भवेत्तस्य ददाम्येतद्वरञ्च भो ॥ १११
तत् कालतो हृषीकेशं तीर्थमाप्य तपस्विनः ।
कुब्जाम्रक क्षेत्रमिदं नाम सुन्दरमाददन् ॥ ११२
बद्रिनारायण द्वाराद्धरिद्वार इति स्मृतः ।
केदारनाथ द्वारत्वाद्धरद्वारोऽपिमन्यते ॥ ११३
यत्र भागीरथी गङ्गा सप्त स्रोतस्वती सती । ११४
मिलिता सीद् ब्रह्मकुण्डे गङ्गाद्वारोऽपि तं विदुः ॥ ११५

There is the story of Raibhyudev in the chapter named Kedarkhanda in the Skandha Puran. While Raibhyudev was in deep meditation in Hrishikesh God in a very dwarfish figure appeared from a mango fruit and gave him the desired boon. God also said, "It is also a boon to those who will perform holy penance here that they will soon achieve their end." From that time onwards the place is known as Kublamra Kshetra which is now called Haridwar as it falls on the way to the temple of *Badrinath*, and also

called Har-dwar as it also leads to Kedarnath. It is also called Ganga-dwar as the seven currents of the Ganga meet here in Bramha-kunda.

108 to 114

বঙ্গানুবাদ :—

স্কন্দ পুরাণের কেদার খণ্ডে একটি পবিত্র কথা বর্ণিত হইয়াছে যে রৈভ্যদেবের তপস্যায় সন্তুষ্ট হইয়া এই হৃষীকেশধামে ভগবান্ কুব্জ রূপ ধারণ পূর্বক একটি আম্র ফলের ভিতরে থাকিয়া সেই তপস্যাকারী রৈভ্য দেবকে নিজের স্বরূপ দর্শন করাইয়া রৈভ্যদেবকে তাঁহার অভিলষিত বর দান করিয়া বলিয়াছিলেন যে ব্যক্তি এই কুব্জাম্র ক্ষেত্রে আমাতে মনোনিবেশ পূর্বক তপস্যা করিবেন তাহার শীঘ্রই সিদ্ধি লাভ হইবে। এই বরটিও দিলাম। সেই সময় হইতেই এই হৃষীকেশ তীর্থের কুব্জাম্র ক্ষেত্র বলিয়া সুন্দর নাম সন্ন্যাসী সকল দিয়াছেন। ১ ২

এই স্থানটি বদরিকাশ্রমে যাইবার দ্বার স্বরূপ বলিয়া হরিদ্বার বলে, এবং কেদার যাইবার দ্বার স্বরূপ বলিয়া এই স্থানটিকে হর দোয়ারা বা হর দ্বারও বলে। ১১৩।১১৪

মাধবেণোক্তং ঠাকুরেণ শাস্ত্রসিদ্ধান্তমুত্তমং।
জ্ঞাত্বা হ্যৈতদ্বিদং সুসম্বদ্ধ পটাঞ্চলে ॥ ১১৫
যথেষ্টাচার নিরতোভব তেন ন দোষভাক্।
আহার ব্যবহারাদি জপ পূজাদিকাদি চ ॥ ১১৬
যদি ভবেদ্বিপরীতং সর্বমহৈতমানতঃ।
সম্পূর্ণং পূর্ণতাং প্রাপ্তং যোগিনো ভবতি ধ্রুবং ॥ ১১৭

অন্ত্যলীলায়াং ৮ম অঃ

প্রভোঃ শ্রীমুখপদ্মাচ্ছ্রুতং সেবকসত্তমৈঃ।
শ্রীনর্ম্মদা নদী তীরে কুটীরে নির্জনে সদা॥ ১১৮
ধ্যাননিষ্ঠঃ পুরী তোতা ত্রিচত্বারিংশ বৎসরে।
নির্বিকল্প সমাধিং তং প্রাপপাতি পরিশ্রমৈঃ॥ ১১৯
অলং বভূব সম্যগ্‌ মতিকৃচ্ছ্র গতোপি সঃ।
ঠাকুরস্য সমাধিঃ স সর্ব্বাশ্চর্য্যময়স্য তু॥ ১২০
নিমিষকালমধ্যেঽভূন্নির্ব্বিকল্প স্বরূপকঃ।
যেন দিনত্রয়ং যাবদেকরূপেণ সংস্থিতিঃ॥ ১২১

Thakur would often say that if a holy man behaved according to his own will, with full knowledge of oneness underlying all this apparent diversity, he could not be guilty of anything. In performing holy rites or daily duties if he would do adversely, he would get the desired merit or fruit because of his divine wisdom. It is said that Totapuri performed penance for long thirty four years in a lonely place on the bank of the river Narmada to attain spiritual sublimity, which Thakur attained in a moment and could retain for long three days at a stretch. 115 to 121

বঙ্গানুবাদ :—

এবং এই স্থানে ভাগীরথী গঙ্গার সাতটি ধারা হওয়ায় কেহ কেহ গঙ্গা সাগরও বলে। গঙ্গা এই স্থানে ব্রহ্ম হ্রদে মিলিতা হইয়া

অন্ত্যলীলায়াং দ্শম অঃ

তৎপরে অন্যদিকে যাইয়াছেন। ঠাকুর প্রায়ই এইরূপ একটি উত্তম শাস্ত্র সিদ্ধান্ত বলিতেন। অদ্বৈত জ্ঞান স্বরূপ ধন বা রত্নকে বস্ত্রাঞ্চলে বাঁধিয়া যে কোনও রূপ আচার ব্যবহার কর না কেন তাহাতে কোনরূপ দোষ হয় না। আহার ব্যবহার জপ ও পূজা প্রভৃতি যদি সাধারণের মত অথবা শাস্ত্র সম্মত না হয় তাহা হইলেও অদ্বৈত স্বরূপের প্রকাশে আচারাদি বিষয় সম্পূর্ণরূপে যোগিগণের সুসম্পন্ন হইয়া থাকে ইহা ধ্রুব নিশ্চিত জানিবে। ১১৫।১১৬.১১৭

সেবকগণ আমরা সকলে ঠাকুরের মুখপদ্ম হইতে শুনিয়াছি। নির্জন কুটীরে নর্ম্মদা নদীর তীরে ত্রিচত্বারিংশদ্বৎসর ধ্যান মগ্ন হইয়া তোতাপুরী সন্ন্যাসী প্রাণপাত পরিশ্রম করিয়া নির্বিকল্প সমাধি লাভে সমর্থ হইয়াছিলেন। কিন্তু আমাদের সর্ব্বাশ্চর্য্যময় ঠাকুরের নিমেষমাত্র সময়ের মধ্যে সেই সমাধি অর্থাৎ নির্বিকল্প সমাধি হইত। যে সমাধি দ্বারা ঠাকুর তিন দিন পর্য্যন্ত নির্বিকারে তন্ময় হইয়াছিলেন॥ ১১৮ হইতে ১২১

অতীবাশ্চর্য্য বিষয়ঃ সর্ব্বস্মাদয়মুত্তমঃ।
বহ্নিহরে প্রাণতুল্য নরেন্দ্রং শ্রেষ্ঠ সেবকং॥ ১২২
সমাধৌ নির্ব্বিকল্পস্য রসস্যাস্বাদনং পুনঃ।
কারয়িত্বা শ্রীভগবান্ কৃপয়া মম ঠাকুরঃ॥ ১২৩
সুস্পষ্টং দর্শয়ামাসতদ্বিষ্ণোঃ পরমং পদং।
অত্যন্ত যত্নশীলানাং সেবকানাং মহাত্মনাং॥ ১২৪
শুশ্রূষায়াং ভগবত স্ত্রুটিঃ স্বল্পা ন চাভবত্
বপুষঃক্ষীণ শক্তিত্বাদন্ত ভাবনয়াথবা॥ ১২৫
উদ্যানবাটিকামধ্যে বর্ষা প্রাবৃষ্যতোঽপি বা॥।
রোগবৃদ্ধি স্তদা জাতা যত্ দ্বন্দ্বাস্তরে স্থিতং॥ ১২৬

अन्त्यलीलायां ८म अः

ततृषत वाद्य देहोऽपि सम्पूर्णं हस्यताङ्गत ।
सह तेन च रक्तस्य क्षरणेन तदा प्रभोः । १२७
यातना स्व शरीरस्य सम्पूर्णं वृद्धिमागता ।
चिकित्सकेन विज्ञेन यद्यपि सुचिकित्सितः । १२८

In spite of every care and utmost effort the disease began to aggravate due to weakness of age, anxiety for his disciples, or undried condition of the garden. The wound spread from inside to the skin outside, Excessive bleeding accompanied with acute pain all over his body made him restless 122 to 128

বঙ্গানুবাদ :—

সম্প্রতি সর্বাশ্চর্য্যময় এই একটি অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে ঠাকুরের বহিশ্চর জীবনের মত শ্রেষ্ঠ সেবক নরেন্দ্রকে এই নির্বিকল্প সমাধির উত্তমরূপে রসাস্বাদ করাইয়া বিষ্ণুর পরম পদ দর্শন করাইয়াছেন। মহাত্মা শিষ্য সেবক সকলের পরম যত্নে ঠাকুরের শুশ্রূষার ত্রুটি হয় নাই। ঠাকুরের ক্রমশঃই দেহের ক্ষীণ শক্তি বশতঃ অথবা ভক্ত সকলের জন্য চিন্তা দ্বারা অথবা বাগান বাটীর মধ্যে অতিরিক্ত ঠাণ্ডা বশতঃ রোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে যেরূপ ক্ষত ভিতরে ছিল। সেইরূপ ক্ষত বাহিরেও দেখা দিয়াছিল। সেই সময় সেই সকল ক্ষত স্থান হইতে রক্ত নিঃসৃত হওয়ায় শরীরের যাতনা অত্যন্ত বৃদ্ধি হইয়াছিল। যদ্যপি সুচিকিৎসকের দ্বারা খুব ভাল ভাবেই চিকিৎসা হইতেছিল।

১২২ হইতে ১২৮

अन्त्यलीलायां दशम अः

तथाप्यष्ट मासकाले प्रायेन गतवत्यपि ।
आगतानुरूप रोगस्य प्रशमो नोपलक्ष्यते ॥ १२९

एवमुद्विग्न् चेतोभिर्भक्तवर्गैः सुचिन्तित' ।
रोगपरीक्षणश्चास्य कर्त्तव्य' सुचिकित्सकैः ॥ १३०

विचिन्त्यैव' महाभागाः सेवका भगवत् पराः ।
नगर्य्याः कलिकातायां रोगारोग्य निकेतनात् ॥ १३१

सर्व्वश्रेष्ठ रोगवेदी कोटस् साहेवेति नामकः ।
तत्रानीतः स सम्मान' सेवकैश्च ठाकुरः ॥ १३२

स शस्त्राङ्गभिषक् तस्य कण्ठनालो परीक्षणे ।
भक्तमौलिः समाक्रान्ते ठाकुरस्य गते यदा ॥ १३३

कठोर यातनायुतः शस्त्राङ्ग' ठाकुरोऽब्रवीत् ।
क्षण' तिष्ठाधुना तात इदमुक्तास्वभावज' ॥ १३४

निर्व्विकल्प समाधि' स' तत्क्षणात् प्राप ठाकुरः ।
गतस्तं शस्त्राङ्ग भिषक् परोक्ष्यं च्छानुसारतः ॥ १३५

How was under treatment of the best physician for about eight months, yet there was no indication that the disease had been brought under control. His disciples brought Mr. Cots, the best of physicians in Calcutta Hospitals to examine the disease of Thakur. To facilitate examination of his woud, Thakur took his consciousness out of physical plane. 129 to 135

বঙ্গানুবাদ :—

তথাপি রোগের আরম্ভ হইতে প্রায় ৮ মাস কাল গত হইলেও রোগের আরোগ্য আশানুরূপে লক্ষিত হইয়াছিল না। ১২৯

এইরূপে ভক্ত সকল অত্যন্ত উদ্বিগ্ন হইয়া ভাবিয়াছিলেন ঠাকুরের রোগ পরীক্ষা বিশেষভাবে সুচিকিৎসকের দ্বারা করা কর্ত্তব্য। ১৩০

গুরু ভক্তি পরায়ণ মহাভাগ সেবকগণ সর্ব্বশ্রেষ্ঠ চিকিৎসক অর্থাৎ মেডিকেল কলেজের কোট সাহেব নামক চিকিৎসক মহাশয়কে সসম্মানে ঠাকুরের নিকটে আনিয়াছিলেন। ১৩২

তৎপরে সেই ইংরেজ ডাক্তার ঠাকুরের কণ্ঠনালী পরীক্ষার জন্য গলার ভিতরে অঙ্গুলি প্রবেশ করিলে ঠাকুর অত্যন্ত যাতনা অনুভব করিয়া সাহেব ডাক্তারকে বলিয়াছিলেন মহাশয় আপনি একটু অপেক্ষা করুন এই কথা বলিয়া ঠাকুর তৎক্ষণাৎ স্বভাবজাত নির্ব্বিকল্প সমাধি যুক্ত হইয়াছিলেন। তৎপরে শ্বেতাঙ্গ ডাক্তার নিজের ইচ্ছামত ঠাকুরকে পরীক্ষা করিয়া বলিয়াছিলেন। ১৩৫

उवाच श्यान्मार रोगोऽसाध्य : प्राणविघातकः ।
कण्ठनाली क्षताज्जातोनौषधञ्चास्य विद्यते ॥ १३६
अचिराममेश्वरिकौ वार्त्तायां धर्म्मयाजकाः ।
रतास्तस्मादियं पीड़ा सञ्चनिष्यति निश्चितं ॥ १३७
गलमध्यस्थ झिल्लीनां शिराणामति सूक्ष्मया ।
उत्तेजनात्तदुत्पत्तिर्भवेदस्यामयस्य हि ॥ १३८
देशेऽस्माकं मिमं रोगं बहुजल्पि महात्मनः ।
धर्म्मयाजकस्य रोगः कण्ठरोगो वदन्ति ते । १३९

उग्रमौषधमस्माकं न प्रयोज्यं कदाचन ।
एतादृश्यामवस्थायां भूरिक्लेशो भविष्यति ॥ १४०
अतो यादृक् चिकित्साऽस्य रोगिनः प्रचलिष्यति ।
सैवशुभकरी ह्यस्य भविष्यति न संशयः ॥ १४१
वक्तव्यं यत्तदुक्तं मे किन्तु किञ्चिद्वदामि वः ।
तच्छृनुध्वं महाभागा भवन्तो गुरु जीवनाः ॥ १४२

After careful examination of the wound, Mr. Cots said, "It is cancer which is incurable. No medicine for this disease has been invented as yet. Usually, priests who are habituated in holy talks are affected by this disease. This disease originates from excessive exertion of the finer tissues of the throat. It is known as throat disease in Western countries. Strong medicine should not be applied as it brings but unbearable pain. So mild homeopathic medicine only can be taken. I have told what I had to say about the disease. I have, however, to say something else. Kindly listen to me. 136 to 142

বঙ্গানুবাদ :—

ইহা প্রাণনাশকারী কেনসার রোগ। ইহা গলদেশের শিরা হইতে উৎপন্ন এ রোগের ঔষধ নাই বা এই রোগ মুক্ত হয় না। ধর্ম্মযাজকগণ অনবরত ঈশ্বরের কথায় সর্বদা রত থাকেন তজ্জন্য

अन्त्यलीलायां ८म अः

ধর্ম্মযাজকগণেরই প্রায় এই রোগ হইয়া থাকে। গলদেশের ভিতরে অতি সূক্ষ্ম শিরা সকলের এবং সেই শিরাতে অতি ক্ষুদ্র কীট সকলের উত্তেজনায় বা আঘাতে এই রোগের উৎপত্তি হইয়া থাকে। ১৩৮

আমাদের দেশে অর্থাৎ ইওরোপে এই রোগটিকে বহুভাষী ধর্ম্মাত্মা ধর্ম্ম যাজকগণের কণ্ঠ রোগ নামে অভিহিত হয়। ১৩৯

এইরূপ অবস্থায় আমাদিগের উগ্র ঔষধ প্রয়োগ করা একবারে অবিধেয়। ইহাতে রোগীর ভয়ঙ্কর কষ্ট হইবে। ১৪০

অতএব ইহাঁর যেরূপ ভাবে হোমিওপ্যাথি চিকিৎসা চলিতেছে তাহাই সুচিকিৎসা। ১৪১

আমার চিকিৎসা বিষয়ে যাহা বলা উচিত তাহা বলিলাম। কিন্তু ইহাঁর সম্বন্ধে আমি যৎ কিঞ্চিৎ বলিতেছি হে ভগবৎ প্রিয় মহাভাগ সকল আপনারা অনুগ্রহ পূর্ব্বক তাহা শ্রবণ করুণ। ১৪২

अत्याश्चर्य्यमयञ्चेमं रोगिनमोग्ररूपकं ।
प्रथमं दृष्टवानत्र जीविते भीमहाजनाः ॥ १४३
बाइबेलाख्य धर्म्मशास्त्रे पठितमेव केवलं ।
तत्र प्रभोरीशामसी नामकः स्वार्थ्यरूपिनः ॥ १४४
ईश चर्चा प्रसङ्गेना भवदी दृक् समाधिजः ।
स्वदेहस्मृति विध्वंशरूपोभावः समुत्थितः ॥ १४५
किन्त्वद्यास्यभगवतः साक्षाद्दृष्टः स्वचक्षुषा ।
अत्यल्प समयेनायं जहौ देहात्मधिषणां १४६
परन्त्वस्य स समाधिरद्युनापि न मुञ्चति ।
अस्यैवं दर्शनेनाद्य कृतार्थोऽहं भवामि वै ॥ १४७
परन्तु पारिश्रमिक प्रदानात् कलुषीकृतं ।
करं न कारयिष्यामि सम्मतिरित्यमेव मे ॥ १४८

"I am quite astonished to see the divine power of this patient. I have read in the Hcly Bible about such divine power of transporting the soul of the holy apostle named Ishamoshi from the plane of physical reality. I now feel myself blessed by seeing such a miracle with my own eyes and I don't iike to take fees for my services to this holy man. 143 to 148

বঙ্গানুবাদ :—

অতীব আশ্চর্য্যময় এই রোগীকে আমি ঈশ্বর রূপে দেখিতেছি। হে মহাপুরুষগণ আমি জীবনে এরূপ কোথাও দেখি নাই। ১৪৩

আমাদের বাইবেল নামক ধর্ম্ম শাস্ত্রে কেবল মাত্র পড়িয়াছি তাহাতে ঈশামসী নামক ধর্ম্ম যাজক মহাপুরুষের ঈশ্বরের অলৌকিক প্রসঙ্গে নিজ দেহের স্মৃতি শূন্য সমাধিজাত এইরূপ ভাব সমুত্থিত হইয়াছিল। ১৪৪।১৪৫

কিন্তু আজ এই সাক্ষাৎ ভগবানের সম্বন্ধে নিজ চক্ষে প্রত্যক্ষ করিলাম। ইনি অতি অল্প সময়ের মধ্যেই দেহাত্ম বুদ্ধি পরিত্যাগ করিলেন। ১৪৬

অধিকন্তু ইহাঁর সেই সমাধি এখনও যায় নাই। এইরূপ দর্শন বশতঃ আজ আমি ধন্য হইলাম এ বিষয়ে কিছু মাত্র সন্দেহ নাই। ১৪৭

পরন্তু আমি এমত অবস্থায় ইহাঁর নিকটে পারিশ্রমিক লইয়া হৃদয়কে পাপ লিপ্ত করাইব না ইহাই আমার সমীচিন মত। ১৪৮

अन्त्यलीलायां ८म अः

मदुपार्ज्जित वित्तानां किञ्चिद्दातुं प्रभुर्यदि।
तदाहं नूनमेष्यामि कृपामीशस्य शान्तिदां ॥ १४९
एवमुक्त्वा जगमासौ डाक्तारः श्वेतविग्रहः।
स्व जन्म सफलं मत्वा भगवद्भाव भावितः ॥ १५०

इति श्रीरामेन्द्र सुन्दर भक्तितीर्थ विरचिते श्रीश्रीरामकृष्ण भागवते

पारमहंस्यां संहितायां ठाकुरो नरेन्द्रनाथं काशीपुराद्दक्षिणेश्वरे तपस्यार्थं प्रेरितवान् तत्र पञ्चमुण्डासने सप्ताह कालमध्ये नरेन्द्रस्य साधनासिद्धिर्जाता तत्तठाकुर समीपे निर्विकल्प समाधि प्रसङ्गेन कृपोकेश वृत्तान्त वर्णनं। ततः श्वेताङ्ग चिकित्सकेस्य कृतार्थता-रूपोऽन्त्यलीलाया अष्टमोऽध्यायः। अः ८ अः ॥

"On the other hand I feel that I shall be blessed by the grace of God if I can give a little of my earning to this holy man." Thus the great physician left the place with his mind absorbed in holy thoughts. 149 to 150

Here ends the eighth chapter of Antyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha. অ: 8 অ:

বঙ্গানুবাদ ঃ—

আমার উপার্জিত অর্থের যদি কিছুমাত্র ও ইহাকে দিতে পারি তবে আমি নিশ্চয় ভগবানের শান্তিদায়িনী কৃপা লাভে সমর্থ হইব।

তৎপরে শ্বেতাঙ্গভিষক এইরূপ বলিয়া ভগবদ্ভাব দর্শনে নিজকে ধন্য মনে করিয়া ঠাকুরের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন। ১৫০

শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে ঠাকুর নরেন্দ্রনাথকে তপস্যার জন্য দক্ষিণেশ্বরে পাঠাইলে সেই স্থানে সাতদিনের মধ্যে পঞ্চ মুণ্ডির আসনে বসিয়া তপস্যায় সিদ্ধি লাভ করিয়াছিলেন। তৎপরে ঠাকুরের নিকটে নির্ব্বিকল্প সমাধির আলোচনা সময়ে হৃষীকেশ তীর্থ বলা হইয়াছে। তৎপরে সাহেব ডাক্তারের বিষয় অন্ত্যলীলার ৮ম অঃ বলা হইল॥

অথ অন্ত্যলীলায়াং নবমোঽধ্যায়ঃ

অতঃপরং ভক্তবর্গৈরন্বিষ্টঃ সুচিকিৎসকঃ।
মহেন্দ্রলাল সরকারং প্রাপ্যাপি সুচিকিৎসকং ॥ ১
তস্য তু রোগি সান্নিধ্যং নাস্তি জ্ঞাত্বা তমত্যজন্।
নবীনচন্দ্র নামাস্তি প্রবীণো বৈদ্যসত্তমঃ ॥ ২
সর্ব্বে গত্বা তৎ সকাশং প্রভোঃ পীড়ামবর্ণয়ন্।
কিন্তু তস্য চিকিৎসায়াং ঘৃতপান সুসংগ্রহং ॥ ৩
অসাধ্যং মন্যমানাস্তে তত্যজুস্তং চিকিৎসকং।
এবং প্রভোর্ভক্তবর্গা বৈদ্যার্থং চিন্তিতোঽভবং ॥ ৪
সর্ব্বান্তিমে ভগবতঃ পরমস্য পুংসঃ
সৎসেবকোঽসুলগুণৌঽতুল নাম ভক্তঃ।
রাজেন্দ্র দত্ত ইতি নাম চিকিৎসকস্ত
মানীয় তত্র ভগবন্ত মদর্শয়ত্তং ॥ ৫

In search of a good physicn, the disciples approached Mahendra Lal Sarkar who was one

of the most reputed physicians of the times. He, however, was unable to visit the patient at his residence and so he was not considerd suitable. They approached anoiher renowned physician named Nabinchandra. It was, however, too difficult to prepare and administer medicine according to his prescription. So he was also rejected. At last, one of the disciples, named Atul, called in a good physician, Rajendra Dutta, and got Thakur examined by him. 1 to 5

বঙ্গানুবাদ :—

তৎপরে ভক্ত সকল সুচিকিৎসকের অনুসন্ধান করিয়া শ্রেষ্ঠ চিকিৎসক মহেন্দ্রলাল সরকারকে পাইয়াও তাঁহার কলিকাতা হইতে কাশীপুরে যাইয়া রোগী দেখা অসম্ভব জানিয়া তাঁহাকে চিকিৎসায় নিযুক্ত না করিয়া নবীনচন্দ্র নামে একটি প্রাচীন বৈদ্যের নিকটে যাইয়া সেবকবৃন্দ তাঁহার নিকটে রোগের অবস্থা বিশেষভাবে বর্ণনা করিয়াছিলেন কিন্তু তাঁহার আদেশ মত ঔষধের উপযোগী দ্রব্য সকল সংগ্রহ করা বা অতি কঠিন মনে করিয়া তাঁহাকেও ছাড়িয়া দিলেন। এইরূপভাবে ভক্তবর্গ চিকিৎসকের জন্য অত্যন্ত চিন্তিত হইয়াছিলেন। ১।২ ৩,৪

সর্ব্বশেষে পরম পুরুষ ভগবান পরমহংসদেবের অতুলনীয় সদ্গুণ সম্পন্ন অতুল নামক সেবক রাজেন্দ্র দত্ত নামক চিকিৎসককে সেই স্থানে আনিয়া ঠাকুরকে দেখাইয়াছিলেন। ৫

आगत्य सोऽपि गुणराशि युतः सुवैद्यो
दृष्ट्वा परीक्ष्य च गदं सुख चिद्घनस्य।
प्राप्यापि भीतिबहुलं मनसि प्रहृष्टं
वाह्ये सहास्य वदनः समुवाच किन्तु ॥ ६
मास्त्वस्य रोगविगमे भवतां हि काचि
च्चिन्तायवा सुमनसां खलु भीति हेतुः।
येनैव रोगगुरुता प्रकटीतकृता हि
तेनैव तद्गद विनुकृत गदो हि सृष्टः ॥ ७
उक्त्वैवं प्रभुभक्तान् स राजेन्द्रः सुचिकित्सकः।
दैनन्दिनं समागम्य रोगिनं रोग सुक्षिदं ॥ ८
सन्ददर्श सदातस्य रोगिनो हर्षं हेतवे॥
सुपुष्प सुफलादीनि द्रव्यानि विविधानि च ॥ ९
समानीय ददौ तस्मै परस्मै पुरुषाय हि।
ठाकुरोऽपि महाप्रीतोऽभवत्तस्मिं चिकित्सके ॥ १०

The physician was much frightened after examining the patient but he assumed a very cheerful front, and said, "You should not have any fear or doubt about the cure of the disease. The maker of the disease is also the maker of medicine." He paid visit everyday and advised the needful. He would also offer fresh fruits and flowers to bring pleasure to Thakur, who admired the physician for his good treatment and behaviour. 6 to 10

বঙ্গানুবাদ :—

